



আইসিটি সেল, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা



KHULNA UNIVERSITY

ICT CELL, KHULNA UNIVERSITY, KHULNA.

স্মারক নং-খুবি/আইসিটি/২০২২/০১১

তারিখ: ২০/০১/২০২২ খ্রি.

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা

খুলনা বিশ্ববিদ্যালয়

অত্র বিশ্ববিদ্যালয়ের ই-ফাইলের সিস্টেম ডেভেলপমেন্টের কাজ ICT Cell ও BdREN এর মাধ্যমে চলমান রয়েছে। এরই ধারাবাহিকতায় ই-ফাইলিং এর উপর বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও দপ্তর সমূহের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ICT Cell কর্তৃক পর্যায়ক্রমে বিভিন্ন কর্মশালা আয়োজন ও প্রশিক্ষণ প্রদান করা হয়। একই সাথে ই-নথি ব্যবস্থা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কমিটি তৈরী করা হয়েছে এবং এ সংক্রান্ত কর্মকান্ড চলমান রয়েছে।

অত্র বিশ্ববিদ্যালয়ে উদ্ভাবনী কর্মপরিকল্পনার আওতায় সার্ভারবেইজড কম্পিউটার ল্যাব (zero client) ব্যবস্থা স্থাপন করা হয় যা কম্পিউটার বিজ্ঞান ও কৌশল বিভাগে চলমান।

সেবা সহজিকরণের জন্য ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনার অংশ হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ে Online Course Registration সিস্টেম ICT Cell কর্তৃক উদ্ভাবন করা হয় এবং এ সংক্রান্ত সেবার দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন ডিসিপ্লিনের সংশ্লিষ্ট সকলকে প্রশিক্ষণ প্রদান করা হয়। চলতি শিক্ষা বর্ষের দুটি বর্ষের শিক্ষার্থীবৃন্দ এই সেবার সুবিধা ভোগ করছে। সেবা ডিজিটাইজেশনের জন্য ওয়েবসাইটের পাশাপাশি ICT Cell কর্তৃক সামাজিক নেটওয়ার্ক, YouTube ও Facebook চালু করেও সেখানে বিভিন্ন তথ্য হালনাগাদ করা হচ্ছে।

ধন্যবাদান্তে

 ২০/০১/২০২২

(অধ্যাপক ড. কাজী মাসুদুল আলম)

পরিচালক

আইসিটি সেল

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।